# MyCARE

আমার সঙ্গে, পথের প্রতিটি ধাপে



“আসুন কিছু সহায়ক টিপ্‌স
শেখা যাক **ইনস্যুলিন
নিরাপদে মজুত রাখতে**”

USV

ইনস্যুলিন ব্যবহার করার আগে,
**সমাপ্তির তারিখ**
**যাচাই করে নিন।**
এবং কোনও ইনস্যুলিন
সমাপ্তির তারিখের পরে
**ব্যবহার করবেন না।**



একটা সীলবন্দি শিশি/ পেন/কার্ট্রিজ-এ ভরে

**$2^{o}$ - $8^{o}$ সে রেফ্রিজারেট করে রাখবেন।**




**ফ্রীজার** - $20^{o}$ সে.-এর নীচে স্টোর করবেন না

**মাঝখানের র‍্যাক** - ইনস্যুলিনের স্টোরেজের সঠিক জায়গা

**ভেজিটেব্‌ল ট্রে** - $40^{o}$ সে.-এর ওপরে স্টোর করবেন না

সরাসরি সূর্যালোক/কেয়ার
গ্লোভ কম্পার্টমেন্টে (একদম বামদিকে)
অথবা ফ্রীজারে (প্রচণ্ড ঠান্ডা)
**ইনস্যুলিন স্টোর করবেন না।**




## ইনস্যুলিন কখনও
## হিমায়িত (ফ্রোজেন) করবেন না।

ভুলবশত যদি করা হয়,
সেই ইনস্যুলিন বাতিল করবেন।



স্টোরেজের জন্য উৎপাদক দ্বারা সরবরাহ করা **সুপারিশগুলো ঠিকঠাক মেনে চলা উচিত।**




## একবার শিশি/পেন খুলে ফেললে, তা ঘরের তাপমাত্রাতে (<30° সে.) মজুত রাখবেন।

ঘরের তাপমাত্রাতে এর শেল্ফ-আয়ু হবে 4 সপ্তাহের কাছাকাছি।





আপনি শিশি/পেনের ওপরে বাতিল করার জন্যে তারিখ লিখে রাখতে পারেন।


যদি রেফ্রিজারেটর না পাওয়া যায়
বা বিদ্যুতের স্থিরতা না থাকে, তবে
**ইনস্যুলিন সরাসরি সূর্যালোক থেকে
দূরে ঠান্ডা, বাতাসযুক্ত,
তথা অন্ধকার জায়গাতে** রাখতে হবে।



ইনস্যুলিনের লিকেজ আটকাতে
প্রত্যেকবার তার ব্যবহারের পরে
পেন থেকে **নীড্‌ল সরিয়ে রাখবেন।**




সফরের সময়কালে, **ইনস্যুলিনের শিশি / পেনটিকে রেফ্রিজারেটেড কুল্যান্ট জেল প্যাক সহ একটা পাউচে ভরে স্টোর করবেন** অথবা যদি পারিপার্শ্বিক তাপমাত্রা $30^0$ সে.-এর বেশি হওয়ার প্রত্যাশা থাকে, তবে বরফ দ্বারা প্যাককরা থারমোফ্লাস্কে মজুত রাখবেন।




বিমান ভ্রমণের সময়কালে
প্রচণ্ডতম তাপমাত্রার মুখোমুখি
হওয়া এড়ানোর জন্য,

**চেক্‌ড-ইন করা ব্যাগেজের মধ্যে
ইনস্যুলিন রাখবেন না।**



সিরিঞ্জে ইনস্যুলিন টেনে নেওয়ার আগে, ইনস্যুলিনের স্বাভাবিক চেহারা সম্পর্কে সুনিশ্চিত হওয়ার জন্য **শিশিটিকে ঘনিষ্ঠ ভাবে পরীক্ষা করুন।**

যদি ইনস্যুলিনের মধ্যে কোনও বস্তুকণা, স্ফটিক, 'ফ্রস্টিং' বা বির্ণতা নজরে পড়ে, তবে সেটি বাতিল করুন।




**যাচাই করুন:**
বস্তুকণা বা বিবর্ণতা

**যাচাই করুন:**
ফ্রস্টিং বা কৃস্টাল্স
বা ক্লাম্পস বা ছোটো কণা

**দ্রষ্টব্য:** রেগুলার ইনস্যুলিন/গ্লারগিন ক্লিয়ার আছে এবং এনপিএইচ/প্রিমিক্স ইনস্যুলিন ঘোলাটে।



“মনে রাখবেন,

**নিরাপদে ইনস্যুলিন মজুত রাখার ব্যাপারটা প্রচণ্ড গুরুত্বপূর্ণ।**

কারণ প্রচণ্ড গরম বা ঠান্ডা তাপমাত্রার কারণে ইনস্যুলিন তার পোটেন্সি বা শক্তিমাত্রা হারাতে পারে এবং তার ক্রিয়াধারাতেও ব্যাঘাত ঘটাতে পারে।”

# MyCARE

আমার সঙ্গে, পথের প্রতিটি ধাপে

## উৎস:


1. ইনস্যুলিন স্টোরেজ অ্যান্ড সিরিঞ্জ সেফ্‌টি | ADA. Diabetes.org. (2022). রিট্রীভ্‌ড 6 জুলাই 2022. https://www.diabetes.org/healthy-living/medication-treatments/Insulin-other-injectables/Insulin-storage-and-syringe-safety থেকে।

2. চৌধুরি, এস অ্যান্ড চক্রবর্তী, পি.পি. (2017)। এররর্স অফ ইনস্যুলিন থেরাপি: রিয়াল-লাইফ এক্সপেরিয়েন্সেস ফ্রম ডেভেলপিং ওয়ার্ল্ড। জার্নাল অফ ফেমিলি মেডিসিন অ্যান্ড প্রাইমারি কেয়ার, 6(4), 724-729। https://doi.org/10.4103/jfmpc.jfmpc_418_16

3. ট্যান্ডন এন, কালরা এস, বালাহারা ওয়াইপি, বড়ুয়া এমপি, চাধা এম,চান্ডালিয়া এইচবি, প্রমুখ। ফোরাম ফর ইঞ্জেকশন টেকনিক অ্যান্ড থেরাপি এক্সপার্ট রেকমেন্ডেশন্স, ইন্ডিয়া: দ্য ইন্ডিয়ান রেকমেন্ডেশন্স ফর বেস্ট প্র্যাকটিস ইন ইনস্যুলিন ইঞ্জেকশন টেকনিক, 2017। ইন্ডিয়ান জে এন্ডোক্র মেটাব 2017;21:600-17।



**Disclaimer:**
"The guide/presentation/content/literature is for general information, guidance and educational purposes only and is not complete or exhaustive. The guide/ presentation/content/literature is not intended or implied to replace or substitute any current practice and or advice/guidance/diet provided by healthcare professionals. This guide/presentation/content/literature does not constitute any treatment/therapy/medication/diet/opinions for any patients who are on diabetes medication, the patients are required to prior consult their healthcare professional before acting on any change on treatment/therapy/ medication/diet and or opions. USV Private Limited makes no representations as to accuracy, completeness, correctness, suitability or validity of any information contained in this guide/presentation/content/literature and will not be liable for any losses, injuries or damages arising from its use."

জনস্বার্থে প্রচার করছে USV